

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ২য় ব্লক, ৫ম তলা, ঢাকা-১০০০।
hsp.sedp@gmail.com



স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/০৭/১(৫১৭)

তারিখ: ১২.০১.২০২১ খ্রি.

বিষয় : উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও প্রতিষ্ঠান পর্যায় হতে যোগ্য শিক্ষার্থীর তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০১৯-২০ সেশনের ১১শ শ্রেণি এবং ২০২০ সালে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীর তথ্য HSP MIS-এ এন্ট্রি সম্পন্ন হয়েছে। HSP MIS-এ দেখা যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে প্রায় ১৬৫৮১০ জন এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রায় ৩৮৭০৭১ জন শিক্ষার্থীর তথ্য পেভিং রয়েছে। বর্ণিত শিক্ষার্থীদের মধ্যে যোগ্য শিক্ষার্থীদের তথ্য (যদি থাকে) শিক্ষা প্রতিষ্ঠান হতে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট এবং শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত যোগ্য শিক্ষার্থীদের তথ্য উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবশ্যিক ভাবে আগামী ১৬.০১.২০২১ তারিখের মধ্যে এইচএসপি/পিএমইএটি-তে প্রেরণ করবেন। অযোগ্য শিক্ষার্থীদের তথ্য (যদি থাকে) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ফেরত পাঠাবেন এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অযোগ্য, ভুল, ডাবল এন্ট্রি, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ইত্যাদি কারণে অতিরিক্ত এন্ট্রিকৃত শিক্ষার্থীর তথ্য HSP MIS হতে নিষ্ক্রিয় করবেন।

বর্ণিত সময়ের মধ্যে কোন যোগ্য শিক্ষার্থীর তথ্য প্রেরণ না করার কারণে উপবৃত্তি প্রাপ্তি হতে বঞ্চিত হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দায়ী থাকবেন।
বিষয়টি অতীব জরুরী

(শরীফ মোর্তজা মামুন)

স্কিম পরিচালক

ফোন : ০২-৯৫৬৩৪১২।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/০৭/১(১২)

তারিখ: ১২.০১.২০২১ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০৬। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৯। প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সহকারী প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সংরক্ষণ নথি।

(মোঃ তৌফিক এরফান)

গবেষণা কর্মকর্তা (প্রশাসন)

ফোন : ০২-৯৫৬৫৯৫৯